

## নতুন উপাসকমণ্ডলী তৈরী

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যায় C7b পাঠ করা উচিত

প্রার্থনা : “প্রিয় প্রভু, দয়া করে আমাদের উপাসকমণ্ডলীর সাহায্য কর যেন তোমার আদেশ পালন করে শিষ্য তৈরী করতে পারি, যেখানে কোন বিশ্বাসী নেই সেখানে তোমার পবিত্র আত্মার শক্তিতে যেন অনেক বিশ্বাসী তৈরী করতে পারি।”

### ১. নতুন উপাসকমণ্ডলী এবং ক্ষুদ্র দল তৈরী করতে প্রার্থনা ও ঈশ্বরের বাক্য দ্বারা প্রস্তুত হন।

একটি উপাসকমণ্ডলী হল যীশুকে অনুসরণকারী একটি জমায়েত।

মথি ২৮:১৮-২০ পদে দেখুন, নতুন বিশ্বাসীদের আদর্শ বিশ্বাসী করে গড়ে তুলতে কি শিক্ষা দিতে হবে। (উত্তর : তারা বাপ্তিস্ম গ্রহণ করবে এবং যীশুর আদেশ পালন করবে। সাতটি প্রাথমিক আদেশ যেগুলি যীশু খুব সরলাকারে দিয়েছিলেন। প্রথম মণ্ডলী শুরু থেকে যীশুর সব আদেশ পালন করেছে। যেখানেই প্রেরিতরা এই ভাবে শিষ্য তৈরী করেছে, উপাসকমণ্ডলী বেড়ে গেছে।)

প্রেরিত ২:৩৭-৪৭ পদে দেখুন, নতুন নিয়মের প্রথম মণ্ডলীতে বিশ্বাসীরা কিভাবে যীশুর আদেশ পালন করত :

- পিতর নতুন বিশ্বাসীদের পালনের জন্য যীশুর কোন্ আদেশটি প্রথমে বলেছিলেন ? (৩৮ পদ)



- কোন্ আদেশটি অনুতাপী পাপীরা পালন করলে, তাকে বিশ্বাসী হিসাবে গন্য করা হবে ? (৪১ পদ)
- যীশুর আদেশানুসারে কোন চারটি কাজ নতুন বাপ্তিস্ম গ্রহণকারী বিশ্বাসীরা তাদের নিজেদের উৎসর্গ করবে ? (৪২ পদ)
- ৪২ পদে কোন কার্যগুলি ( প্রেরিতদের শিক্ষা গ্রহণ, প্রভুর মৃত্যুকে স্মরণ করে রুটি ভাঙ্গা কার্যগুলি, সহভাগিতা ও প্রার্থনা) পরিষ্কারভাবে বলে বিশ্বাসীরা একে অপরকে কতটা ভালবাসে ?
- যীশুর অন্য কোন প্রাথমিক আদেশ তাদের প্রেমের সহভাগিতায় মেনে চলা হত ? (৪৪-৪৫ পদ)

ইফিসীয় ৪:১১-১২ পদে ঈশ্বর কি ধরনের মানুষদের আপনাদের দলকে দেবেন বলে প্রতিজ্ঞা করেছেন ?

পাঁচ ধরনের মানুষের মধ্যে কোন দুই ধরনের মানুষ সাধারণত নতুন মণ্ডলী স্থাপনের জন্য অন্যদের নেতৃত্ব দেয় ? (উত্তর : প্রেরিত এবং প্রচারকগণ)

## নতুন উপাসকমণ্ডলী ও ছোট দল তৈরীর নির্দেশাবলী

**নির্দেশ ১ :** স্থানীয় পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে মানানসই পদ্ধতি গ্রহণ করতে হবে। আপনাকে সর্বদা একই পদ্ধতি গ্রহণ করতে হবে না। বেশীরভাগ দল শুরু হয় নিম্নলিখিত তিনটি পদ্ধতির যে কোন একটি দ্বারা। আপনার পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে খাপ খায় এরূপ পদ্ধতি মনোনীত করুন।

১. **রোপণ :** একটি মণ্ডলী রোপণকারী বা ছোট মণ্ডলী রোপণকারী দল মাতৃ দল থেকে পাঠান হয় অন্য অঞ্চলে এবং অন্য সাংস্কৃতিক মানুষদের মধ্যে উপাসকমণ্ডলী গঠনের উদ্দেশ্যে, যেমন লেখা আছে প্রেরিত ১৩ঃ১-৩ পদে।
২. **উৎপাদন :** মাতৃ উপাসক মণ্ডলীর সদস্যরা কাছাকাছি অন্য সম্প্রদায়ের মধ্যে প্রচার কার্য করে, নতুন বিশ্বাসীরা শিষ্য তৈরী করে এবং সেই সম্প্রদায়ের মধ্যে প্রশিক্ষণ দ্বারা নেতা তৈরী করে। কাউকে তার মাতৃ দল ছাড়তে হয় না। প্রেরিত ১০ অধ্যায়ে এরূপ একটা উদাহরণ আছে।
৩. **ভিন্ন দল গঠন :** বেশ কিছু বিশ্বাসী মাতৃ উপাসক মণ্ডলী ছেড়ে দেয় এবং কাছাকাছি নতুন দলের মূল অংশ গঠন করে। এই পদ্ধতি বেশী ফলপ্রসূ বড় শহরাঞ্চলের মণ্ডলীতে একই সম্প্রদায়ের দলের মধ্যে যেখানে যাতায়াত খুব সহজে করা যায়। বাইবেলে এর কোন উদাহরণ নেই।

**নির্দেশ ২ :** সেখানে কাজ করুন যেখানে আপনার যোগাযোগ আছে। কর্মীদের যেখানে বন্ধু বা আত্মিয়রা আছে সেখানে নতুন দল তৈরী করাটা অপেক্ষাকৃত অনেক সহজ।

**নির্দেশ ৩ :** সবচেয়ে প্রতিক্রিয়াশীল জনগণের উপর দৃষ্টি রাখুন। যদি মানুষেরা সেই বাক্যে কর্ণপাত না করে তবে তোমার জুতো থেকে ধুলো ঝেড়ে ফেল। এই আদেশটি স্মরণে রাখবেন। কিছু নতুন উপাসকমণ্ডলী অকৃতকার্য হয় কারণ বিভিন্ন পারিপার্শ্বিক অবস্থার মানুষ যার পরস্পর ভুল বোঝাবুঝির সৃষ্টি করে। সাংস্কৃতিক বিভিন্নতায়ুক্ত একটি বড় দল তৈরী অপেক্ষা ছোট ছোট কয়েকটি দল তৈরী করা অনেক ভাল, যেমন ঘটছিল গালাতীয়তে (যদি আপনি ঘটনাটি না জানেন তবে গালাতীয়দের প্রতি প্রেরিত পৌলের পত্রটি পড়ুন)।

**নির্দেশ ৪ :** বিশ্বাসীদের সাপ্তাহিক আরাধনার জন্য শুরু করা সাপ্তাহিক সভা শুরু করার পরেও প্রচারকার্য চালিয়ে যান। কিছু দল অকৃতকার্য হয় কারণ প্রচারকরা ভাবেন মানুষেরা জমায়েত হওয়া শুরু করলেই তাদের কাজ শেষ।

**নির্দেশ ৫ :** দলটি ছোট হলেও উপাসনা করার জন্য ভালমত প্রস্তুত হন। কিছু নতুন দল ধ্বংস হয়ে যায় কারণ কিছু অলস প্রচারক উপাসনা অর্থবহ করে তুলতে পারে না।

**নির্দেশ ৬ :** প্রত্যেক কার্যকারীরা ভূমিকা নির্দিষ্ট করুন। যেন প্রত্যেক প্রচারক জানতে পারে তাদের কি করতে হবে। একজন কার্যকারী তার স্ত্রীর সঙ্গে একমত হবে যে তার স্ত্রী কি করবে বা কি করবে না। তারা প্রত্যেকে সেই কাজই করুক যা তারা ভাল পারে। একটা দল নষ্ট হয়ে যায়, কারণ কার্যকারীকে জোর করে সে যা করতে চায় না তাই করান হয়।

## ২. সারা সপ্তাহ বিশ্বাসীরা কি করবে সেই বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

কাছাকাছি অবহেলিত সম্প্রদায়ের মধ্যে নতুন উপাসকমণ্ডলী তৈরী করুন। একটি নতুন দল একটি উপাসকমণ্ডলীতে পরিণত হয় যখন বিশ্বাসীরা দলের প্রয়োজনীয় নতুন নিয়মে উল্লিখিত সমস্ত কিছু করে। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে যীশুর সমস্ত আদেশ এবং তাঁর আদেশ সংক্রান্ত অন্যান্য কার্যকলাপ :

আপনি যে নতুন উপাসকমণ্ডলী গঠন করেছেন তা যদি এখনও উন্নত না হয়ে থাকে, তবে নিম্নলিখিত তালিকা থেকে প্রয়োজনীয় কার্যকলাপগুলো চিহ্নিত করুন। কি করতে হবে সেই বিষয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন, তারপর তা সম্পাদন করুন।

- [ ] যীশুর সাক্ষ্য দিন এবং বাপ্তিস্ম দানের মাধ্যমে অনুতপ্ত পাপীদের বিশ্বাসের নিশ্চয়তা দান করুন।
- [ ] নতুন উপাসকমণ্ডলী তৈরী এবং অবহেলিত মানুষদের কাছে প্রচারক পাঠান।
- [ ] প্রত্যেক বিশ্বাসীদের সাহায্য করুন যাতে তারা উপাসনায় প্রভুর ভোজ সহ সব বিষয়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে।
- [ ] মণ্ডলীতে প্রেমের সহভাগীতা রোপণ করতে হবে এবং বৈবাহিক এবং পারিবারিক জীবন শক্তিশালী করতে হবে।
- [ ] ক্ষমা করতে এবং বিরোধ দূর করার জন্য সমস্যায় থাকা লোক বা পারিবারিকদের সাহায্য করা।
- [ ] নতুন দলকে পবিত্র হতে, পবিত্র আত্মা দ্বারা নব জীবন লাভ করতে এবং পরিবর্তিত হতে সাহায্য করা।

- [ ] অন্যদের প্রয়োজন পূরণের জন্য উদারতার সঙ্গে দান করুন।
- [ ] প্রার্থনা করুন, মধ্যস্থতা করুন এবং মন্দ আত্মার বিরুদ্ধে আত্মিক যুদ্ধ করুন এবং পরিবারগুলোকে দৈনিক প্রার্থনায় সাহায্য করুন।
- [ ] লোকদের জীবনে ঈশ্বরের বাক্য প্রয়োগ করুন এবং মিথ্যা মতবাদ শিক্ষাদানকারীদের হাত থেকে তাদের রক্ষা করুন।
- [ ] নূতন উপাসকমণ্ডলীর শিক্ষানবীশ পালনকারী প্রাচীনদের, মিশনারীদের এবং নেতৃবর্গকে প্রশিক্ষণ দিন।
- [ ] দলকে সংগঠিত করুন এবং তত্ত্বাবধান করুন, যেন বিভিন্ন অনুগ্রহ দানের ব্যবহারের দ্বারা সমুদয় বিশ্বাসীগণ পরিচর্যা লাভ করেন।
- [ ] এই কার্যগুলো করতে সাহায্য করার বিষয় নিকটবর্তী অন্যান্য উপাসক মণ্ডলীর সঙ্গে সহযোগিতা করুন।

**৩. পরবর্তী উপাসনার জন্য আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

প্রেরিত ২ঃ৩৭-৪৭ পদ থেকে কিভাবে নতুন নিয়মের প্রথম মণ্ডলী শুরু হয়েছিল, সেই গল্পটি বলুন এবং এই সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করুন যা উপরে দেওয়া আছে।

ইফিষীয় ৪ঃ১১-১২ পদ থেকে ব্যাখ্যা করে বলুন যে ঈশ্বর আপনাদের উপাসকমণ্ডলীতে সেই সমস্ত লোক দিয়েছেন যারা নতুন উপাসক মণ্ডলী তৈরীর জন্য অন্যদের নেতৃত্ব দিতে পারে।

যীশুর আদেশ ব্যাখ্যা করে বলুন যা লিপিবদ্ধ আছে মথি ২০ঃ১৮-২০ পদে, শিষ্য তৈরীর জন্য যারা যীশুর আদেশ মান্য করবে।

নতুন উপাসকমণ্ডলী তৈরীর জন্য উপরে দেওয়া ৬টি নির্দেশ, ব্যাখ্যা করে বলুন।

যে কোন একটি কাজ যা আপনার উপাসকমণ্ডলীতে উন্নতির প্রয়োজন যা আপনি টিক দিয়েছেন তা ব্যাখ্যা করুন এবং বিশ্বাসীদের সেটা করার জন্য পরিকল্পনা করতে সাহায্য করুন। কর্মীদের যারা নতুন উপাসকমণ্ডলী তৈরী করছে তাদের কাজের উন্নতির রিপোর্ট দিতে বলুন।

শিশুরা যা লিখেছে তা উপস্থাপন করতে দিন।

দুই অথবা তিনজনের দল গঠন করে একে অন্যের জন্য প্রার্থনা করুন। নতুন উপাসকমণ্ডলী এবং নতুন নিয়মের অনুযায়ী কিছু কার্যের উন্নতির জন্য পরিকল্পনা করুন।

আস্তিয়াখিয়া মণ্ডলীর ন্যায় নূতন দল শুরু করার জন্য কর্মীদের ক্ষমতা প্রদান করুন (প্রেরিত ১ঃ১১-৩)

প্রভুর ভোজ প্রবর্তনের জন্য প্রেরিত ২ঃ৪২ এবং ৪৬ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন যে নূতন মণ্ডলীগুলোকে শুরু থেকেই প্রভুর ভোজের অনুষ্ঠানটি উপস্থাপন করা উচিত, যাতে তারা ঘরেও ইহা করতে পারে।

ইফিষীয় ৪ঃ১১-১২ পদ একত্রে মুখস্থ করুন।